

এইচএসসি : রাজশাহী বোর্ডে ফেলের হার ৭৩ ভাগ

৥ স্টাফ রিপোর্টার ৥

রাজশাহী বোর্ডের ১৯৯০ সালের এইচ এস সি পরীক্ষার ফল গতকাল প্রকাশিত হয়েছে। পাসের হার প্রত্যেক ২৭ দশমিক ৩৯ ভাগ। চার বোর্ডের মধ্যে রাজশাহী বোর্ডের পাসের হারই সর্বনিম্ন। উল্লেখ্য,

ঢাকা, কুমিল্লা ও যশোর বোর্ডের ফল এর আগে প্রকাশিত হয়েছে।

এবার রাজশাহী বোর্ডের এইচ এস সি পরীক্ষায় ৬৬ হাজার ৭৪৪ জন ছাত্র-ছাত্রী অংশ নেয়। এর মধ্যে ছাত্রীর সংখ্যা ১৫ হাজার ৪২৭ জন। পরীক্ষায় অবতীর্ণ ছাত্র-ছাত্রীদের মধ্যে পাস করেছে ১৮ হাজার ২৯৫ জন। ফেল করেছে ৪৮ হাজার ৪৪৯ জন। ফেলের হার ৭২ দশমিক ৬১ ভাগ। উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের মধ্যে এক হাজার ৬৪৬ জন প্রথম বিভাগ, ৯ হাজার ৫০৬ জন দ্বিতীয় বিভাগ এবং ৭ হাজার ১৪৩ জন তৃতীয় বিভাগে পাস করেন।

গত জুলাই-আগস্ট মাসে রাজশাহী বোর্ডের এইচ এস সি পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষার বিজ্ঞান বিভাগে অংশ নেয় ২০ হাজার ১৩৫ জন ছাত্র-ছাত্রী। পাস করেছে ৭ হাজার ৫৩ জন। পাসের হার ৩৭ দশমিক ৬১ ভাগ। মানবিক বিভাগে অংশ নেয় ৩৩ হাজার ৬৬২ জন পরীক্ষার্থী। পাস করেছে ৭ হাজার ৫৩ জন। পাসের হার ৩৭ দশমিক ৬১ ভাগ। মানবিক বিভাগে অংশ নেয় ৩৩ হাজার ৬৬২ জন পরীক্ষার্থী। পাস করেছে ৭ হাজার ৬৩৫ জন। পাসের হার ২২ দশমিক ৬১ ভাগ। (শেষ পৃঃ ৪-এর কঃ মঃ)

26

ফেলের হার ৭৩ ভাগ

(প্রথম পৃঃ পর)

৬৮ ভাগ। বাণিজ্য বিভাগে অংশ নেয় ১২ হাজার ৯৭৭ জন পরীক্ষার্থী। পাস করেছে ৩ হাজার ৮৭ জন। পাসের হার ২৩ দশমিক ৭৮ ভাগ।

বিজ্ঞান গ্রুপের মেধাতালিকার এবার প্রথম হয়েছে রংপুর কলেজের ছাত্র কলেজের ছাত্র আনম এহতেশাম রফিক। চারটি বিষয়ে লেটারসহ তার প্রাপ্ত নম্বর ৯৪০। দ্বিতীয় স্থান লাভ করেছে রাজশাহী ক্যাডেট কলেজের ছাত্র এ এস এম মাকসুদুল আলম। চারটি লেটারসহ তার প্রাপ্ত নম্বর ৯২৩। তৃতীয় স্থান লাভ করেছে পাবনা ক্যাডেট কলেজের ছাত্র এস এম আসাদুল্লাহ গালিব। চারটি লেটারসহ তার প্রাপ্ত নম্বর ৯১৬।

মানবিক গ্রুপের মেধাতালিকার প্রথম হয়েছে রাজশাহী বিশ্ববিদ্যালয় স্কুলের ছাত্র রাশেদ মাহমুদ। চারটি লেটারসহ তার প্রাপ্ত নম্বর ৮১৪। দ্বিতীয় স্থান লাভ করেছে রাজশাহী কলেজের ছাত্র মোহাম্মদ খাসেমুল ইসলাম। তিনটি লেটারসহ তার প্রাপ্ত নম্বর ৭৭৪। তৃতীয় স্থান লাভ করেছে দিনাজপুর সরকারী কলেজের ছাত্রী সেজানা তাহমিন। দু'টি লেটারসহ তার প্রাপ্ত নম্বর ৭৬৭।

বাণিজ্য গ্রুপের মেধাতালিকার প্রথম হয়েছে রাজশাহী কলেজের ছাত্র একেএম তারেক। একটি লেটারসহ তার প্রাপ্ত নম্বর ৭১২। দ্বিতীয় স্থান লাভ করেছে পাবনা সরকারী এডওয়ার্ড কলেজের ছাত্রী মুসরাত জাহান। তার প্রাপ্ত নম্বর ৬৯৪। তৃতীয় স্থান লাভ করেছে নাটোর এস এস সরকারী কলেজের ছাত্র মীর রেজাউল করিম। একটি লেটারসহ তার প্রাপ্ত নম্বর ৬৮৩।

রাজশাহী বোর্ডের এইচ এস সি পরীক্ষায় হেপেরা ভাল করেছে। পরীক্ষার ছেলের পাসের হার ২৭ দশমিক ৫৬। মেয়েদের পাসের হার ২৬ দশমিক ৮৪। বোর্ডে এবার একক শিফা প্রতিষ্ঠান হিসাবে রাজশাহী কলেজের ছাত্র-ছাত্রীরা ভাল করেছে। বিজ্ঞান গ্রুপের মেধাতালিকার ২০টি স্থানের মধ্যে একক ও বৃহত্তাবে ১১ টি স্থান, বাণিজ্য গ্রুপে ২০টি স্থানের মধ্যে ৯টি মানবিক শাখায়, ২০টি স্থানের মধ্যে ৬টি স্থান দখল করেছে রাজশাহী কলেজের ছাত্র-ছাত্রীরা। রাজশাহী বোর্ডের আওতাধীন ক্যাডেট কলেজগুলি এবার ভাল করেনি।